ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৫৬৩

খোয়াই, ৬ মে, ২০২৫

**রেগা ঃ খোয়াই জেলায় ২৭ হাজার ৯১৮ শ্রমদিবস সৃষ্টি**

খোয়াই জেলায় চলতি বর্ষের ৫ মে পর্যন্ত এমজিএন রেগা প্রকল্পে ২৭ হাজার ৯১৮ শ্রমদিবসের কাজ সৃষ্টি হয়েছে। এর জন্য ব্যয় হয়েছে ৬৭ লক্ষ ৫৬ হাজার ১৫৬ টাকা। এতে জেলার অন্তর্গত তুলাশিখর ব্লকে ৯,৫৯৯ শ্রমদিবস, পদ্মবিল ব্লকে ১,০২৪ শ্রমদিবস, কল্যাণপুর ব্লকে ৩,২০৮ শ্রমদিবস, মুঙ্গিয়াকামী ব্লকে ২,০৩১ শ্রমদিবস, তেলিয়ামুড়া ব্লকে ৮,২০৭ শ্রমদিবস ও খোয়াই ব্লকে ৩,৮৪৯ শ্রমদিবসের কাজ সৃষ্টি হয়েছে বলে খোয়াই জেলাশাসক কার্যালয় থেকে জানানো হয়েছে।

*******